প্রথম আলো

তারিখ 19 APR 2017
পৃষ্ঠা ৯ কলাম

ঢাকা বিশ্ববিদ্যালয়

# এ এফ মুজিবুর রহমান স্বর্ণপদক পেলেন ৩ শিক্ষার্থী

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত ও ফলিত গণিত বিভাগের তিন কৃতী শিক্ষার্থীকে ২১তম এ এফ মুজিবুর রহমান স্বর্ণপদক ২০১৭ দেওয়া হয়েছে। গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনের মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে এই স্বর্ণপদক দেওয়া হয়।

স্বর্ণপদকপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন গণিত বিভাগের মো. জসিম উদ্দিন ও ফারহানা আকন্দ এবং ফলিত গণিত বিভাগের খাদিজা খাতুন।

স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক। সভাপতিত্ব করেন গণিত বিভাগের চেয়ারম্যান অমূল্য চন্দ্র মণ্ডল। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ মো. কামাল উদ্দীন, বিজ্ঞান অনুষদের ডিন মোহাম্মদ আবদুল আজিজ, এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের ট্রাস্টি এম নুরুল আলম, ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান মো. আবদুস ছামাদ।

এদিকে উপাচার্যের কার্যালয়সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে অর্থনীতি বিভাগের তিন শিক্ষার্থীকে অধ্যাপক নাজমা বেগম ট্রাস্ট ফান্ড বৃত্তি তুলে দেন উপাচার্য। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন চৌধুরী আমীর আবদুল্লাহ, সাদিয়া আফরিন ও মো. তানজিল আহমেদ।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ফরিদ উদ্দিন আহম্মেদ, অর্থনীতি বিভাগের চেয়ারপারসন নাজমা বেগম, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর